

# রাজশাহী বোর্ডে এবার পাসের হার ৮১.২৪

নিজস্ব  
প্রতিবেদক,  
রাজশাহী

১৫ অক্টোবর,  
২০২৪ ১৩:০৩

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

রাজশাহী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডে এবার এইচএসসির পাসের হার ৮১ দশমিক ২৪ শতাংশ। আলাদা করে শুধু ছাত্রদের পাসের হার ৭৬ শতাংশ, আর ছাত্রীদের পাসের হার ৮৭ শতাংশ। মঙ্গলবার (১৫ অক্টোবর) বেলা

১১টায় রাজশাহী শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. অলীউল আলম তার কার্যালয়ে সংবাদ সম্মেলন করে এবারের ফল ঘোষণা করেন।

ঘোষিত ফল অনুযায়ী, এবার মোট পরীক্ষার্থী ছিলেন এক লাখ ৩৯ হাজার ১৯৩ জন।

এরমধ্যে এক লাখ ৩৭ হাজার ১৮৪ জন পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং এক লাখ ১১ হাজার ৪৪৮ জন পাস করেন। এবার ২৪ হাজার ৯০২ জন জিপিএ-৫ পেয়েছেন। এরমধ্যে ছাত্র ১০ হাজার ৩০৫ জন। আর ছাত্রী ১৪ হাজার ৫৯৭ জন।

রাজশাহী বোর্ডে গত বছর এইচএসসির পাসের হার ছিল ৭৮ দশমিক ৪৬ শতাংশ। গত বছরের তুলনায় এবার পাসের হার বেড়েছে। এ ছাড়া বেড়েছে জিপিএ-৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যাও। গতবছর জিপিএ-৫ পেয়েছিল ১১ হাজার ২৫৮ জন।

এবার তা দ্বিগুণের বেশি। অথচ গতবছর পরীড়া দেওয়া শিক্ষার্থীর সংখ্যা ছিল এবারের চেয়ে বেশি, এক লাখ ৩৮ হাজার ৩৯০ জন।

চেয়ারম্যান অধ্যাপক ড. অলীউল আলম জানান, এ বছর রাজশাহী বিভাগের আটটি জেলায় মোট কলেজের সংখ্যা ছিল ৭৪১টি। এরমধ্যে ১২টি কলেজের কোন শিক্ষার্থী পাস করতে পারেননি। আর ৩৫টি কলেজের শতভাগ পরীক্ষার্থী পাস করেছেন।

যেসব কলেজের কোনো শিক্ষার্থী পাস করেননি সেসব কলেজের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।